# কৃষি তথ্য বার্তা

মাসিক কৃষি তথ্য বার্তা রেজি: নং ডিএ-৪৬২ ❑ ৪৯তম বর্ষ ❑ চতুর্থ সংখ্যা ❑ শ্রাবণ-১৪৩২, জুলাই-আগস্ট-২০২৫ ❑ পৃষ্ঠা ৮

গোয়াইনঘাটে কৃষক-কৃষাণীদের ফিল্ড স্কুল পার্টনার ... ২
সিলেটে জেলা পর্যায়ে বার্ষিক কর্মপরি-কল্পনা বাস্তবায়ন ... ৩
জুলাই গণ-অভ্যুত্থান দিবস ২০২৫ উদযাপন ... ৫
তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন ... ৬

## কৃষি উপদেষ্টা-চীনা রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত

মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরীর (অব.) সাথে কৃষি মন্ত্রণালয়ের অফিস কক্ষে সৌজন্য সাক্ষাৎ করেন ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। সাক্ষাৎকালে দুই দেশের মধ্যে কৃষি পণ্য রপ্তানি, কৃষি বিষয়ক প্রযুক্তি, জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময় বিষয়ে আলোচনা হয়। বৈঠকের শুরুতে উপদেষ্টা রাষ্ট্রদূতকে স্বাগত জানিয়ে বলেন, চীন বাংলাদেশের দীর্ঘদিনের উন্নয়নের সহযোগী। চীনের সাথে কূটনৈতিক সম্পর্কের ইতিহাস অর্ধশতাব্দীর। ভবিষ্যতেও এ সম্পর্ক আরো জোরদার হবে।

মাননীয় কৃষি উপদেষ্টা বাংলাদেশ থেকে চলতি মৌসুমে আম আমদানি করার জন্য চীনকে ধন্যবাদ জানান। আগামী মৌসুমে আমের পাশাপাশি কাঁঠাল, সুগন্ধি চাল আমদানির বিষয়েও অনুরোধ জানান। মাননীয় উপদেষ্টা বাংলাদেশের কৃষির আধুনিকায়নে যান্ত্রিকীকরণ, প্রযুক্তি হস্তান্তর, আধুনিক কোল্ডস্টোরেজ স্থাপন, দেশের কৃষক ও কৃষি সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রদানে সহযোগিতার বিষয়ে রাষ্ট্রদূতকে আহবান জানান।

রাষ্ট্রদূত জানান, চীন বাংলাদেশের কৃষি খাতে একসাথে কাজ করতে আগ্রহী। সার কারখানা স্থাপন, নিরাপদ খাদ্য, কৃষিতে অত্যাধুনিক ড্রোন প্রযুক্তি হস্তান্তরসহ বিভিন্ন বিষয়েও কাজ করতে আগ্রহী বলে রাষ্ট্রদূত জানান। মাননীয় কৃষি উপদেষ্টা রাষ্ট্রদূতের আগ্রহকে স্বাগত জানান।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*



মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব:) মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী এর সাথে বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন সাক্ষাৎ করেন (বুধবার ৩০ জুলাই ২০২৫)। -পিআইডি

## স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রকল্পের এক কর্মশালা




অনুষ্ঠানে বক্তব্যরত প্রধান অতিথি ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান, সচিব, কৃষি মন্ত্রণালয়

বিএআরসি অডিটোরিয়ামে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতায় স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রকল্পের এক কর্মশালা ২১ জুলাই ২০২৫ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান, সচিব, কৃষি মন্ত্রণালয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন IFAD এর কান্ট্রি ডিরেক্টর D.Valantine Achan cho. বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক মো: আব্দুল্লাহ ইউছুফ আখন্দ এবং কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক নাসির উদ-দৌলা। মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রকল্প পরিচালক ড. মো. এমদাদুল হক। প্রকল্পটি বাংলাদেশের ২০টি জেলার ৯০টি

*এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩*

## অতিরিক্ত সচিবের বগুড়া জেলার কৃষি কার্যক্রম পরিদর্শন ও মতবিনিময় সভা



কৃষি মন্ত্রণালয়ের সম্প্রসারণ অনুবিভাগের অতিরিক্ত সচিব মোঃ জাকির হোসেন বগুড়া জেলার সমসাময়িক কৃষি কার্যক্রম পরিদর্শন করেন

বগুড়া জেলার সমসাময়িক কৃষি কার্যক্রম পরিদর্শন করার জন্য কৃষি মন্ত্রণালয়ের সম্প্রসারণ অনুবিভাগের অতিরিক্ত সচিব মোঃ জাকির হোসেন সরকারি সফরে বগুড়া জেলায় ০৮ আগস্ট ২০২৫ অবস্থান করেন। শুরুতেই তিনি বগুড়া শিবগঞ্জ উপজেলা চকপাড়া ব্লকে বস্তায় আদা চাষসহ কৃষক-কৃষাণীদেরকে নিয়ে উঠান বৈঠকে অংশগ্রহণ করেন। এ সময় তিনি নতুন নতুন প্রযুক্তিতে ফসল ফলানোর পাশাপাশি শুধু ফসল উৎপাদন করলেই চলবে না, সংগ্রহোত্তর সংরক্ষণের ব্যবস্থা নিতে হবে। তিনি বস্তায় ফসল উৎপাদন প্রযুক্তি, মসলা, উদ্যান ও অসময়ে উচ্চমূল্যের ফল-সবজি চাষাবাদের প্রতি গুরুত্ব দেন।

*বাদল চন্দ্র সরকার, কৃতসা, পাবনা*

## তরুণদের কৃষিকাজে অংশগ্রহণ বাড়াতে বরিশালে প্রশিক্ষণ অনুষ্ঠিত




*অনুষ্ঠানে বক্তব্যরত প্রধান অতিথি ড. মোহাম্মদ নজরুল ইসলাম শিকদার অতিরিক্ত পরিচালক, ডিএই*

কৃষিকাজে তরুণদের আগ্রহ বাড়াতে যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদ বিষয়ক প্রশিক্ষণ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) এর আঞ্চলিক কার্যালয় বরিশালে ০৪ আগস্ট ২০২৫ অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে এক আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক ড. মোহাম্মদ নজরুল ইসলাম শিকদার।

অনুষ্ঠানে প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, কৃষিকে লাভজনক করতে আধুনিকায়ন দরকার। এজন্য উন্নত ব্যবস্থাপনার পাশাপাশি যান্ত্রিকীকরণ করা চাই। এখন লাঙ্গলের পরিবর্তে স্থান পেয়েছে ট্রাক্টর-পাওয়ার টিলার। এর ফলে শ্রমিক সংকট দূর হবে। কমবে উৎপাদন খরচও। তাই কৃষিকে সমৃদ্ধ করতে তরুণদের এগিয়ে আসতে হবে। তাদের অংশগ্রহণের মাধ্যমে দেশের অর্থনীতির ভিত আরো শক্তিশালী হবে।

ব্রির প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মুহম্মাদ আশিক ইকবাল খানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ডিএই (বরিশাল) উপপরিচালক মোসাম্মৎ মরিয়ম। এ ছাড়াও বক্তব্য রাখেন ব্রির ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. হাছিনা খাতুন; কৃষি তথ্য সার্ভিসের আঞ্চলিক কৃষি তথ্য অফিসার শেখ হাবিবুর রহমান; ব্রির বৈজ্ঞানিক কর্মকর্তা জোয়ান বিন হাফিজ প্রান্ত প্রমুখ।

***নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল***

## গোয়াইনঘাটে কৃষক-কৃষাণীদের পার্টনার ফিল্ড স্কুল কংগ্রেস-২০২৫ সভা অনুষ্ঠিত




*অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন কৃষিবিদ মোহাম্মদ নাসির উদ্দিন, সিনিয়র মনিটরিং অফিসার পার্টনার প্রোগ্রাম, সিলেট অঞ্চল*

সিলেটের গোয়াইনঘাট উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে প্রোগ্রাম অন এগ্রিকালচারাল অ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন এন্টারপ্রেনরশিপ অ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ' (পার্টনার) প্রকল্পের আওতায় দিনব্যাপী পার্টনার ফিল্ড স্কুল কংগ্রেস-২০২৫ উপজেলা পরিষদ মিলনায়তনে ১৬ জুলাই ২০২৫ অনুষ্ঠিত হয়। গোয়াইনঘাট উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ রায়হান পারভেজ রনির সভাপতিত্বে প্রধান অতিথি সিলেট অঞ্চলের কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ ড. মো. মোশাররফ হোসেনের অনুপস্থিতিতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সিলেটের সিনিয়র মনিটরিং অফিসার (পার্টনার প্রোগ্রাম সিলেট অঞ্চল) কৃষিবিদ মোহাম্মদ নাসির উদ্দিন।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন পার্টনার প্রকল্পের আওতায় ফিল্ড স্কুল, আধুনিক সেচ প্রযুক্তি, উত্তম কৃষিচর্চা, মানসম্মত তথ্য ব্যবস্থাপনা ও ফার্মাস সার্ভিস সেন্টারের কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে, যা কৃষকদের দক্ষতা ও উৎপাদনশীলতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রাখছে। এ ধরনের কংগ্রেসে কৃষকরা নিজেদের অভিজ্ঞতা বিনিময়, প্রশিক্ষণ গ্রহণ ও উদ্ভাবনী চর্চায় উৎসাহিত হচ্ছেন। তিনি পার্টনার ফিল্ড স্কুল কংগ্রেসে ফসলের বহুমুখীকরণ, নিরাপদ খাদ্য উৎপাদন, কৃষি উদ্যোক্তা গঠন, কৃষিপণ্য টেকসই ভ্যালুচেইন সৃষ্টি, প্রযুক্তি ব্যবহার ও পুষ্টি সমৃদ্ধ ফলজ ও সবজি চাষের বিষয়ে উপস্থিত কৃষক-কৃষাণীদের বিশেষ গুরুত্বারোপ করা হয়।

উক্ত পার্টনার কংগ্রেসে কৃষি উদ্যোক্তা, কৃষক-কৃষাণী, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার গণমাধ্যম কর্মীরা অংশগ্রহণ করেন।

***মো. জুলফিকার আলী, কৃতসা, সিলেট***

## খুলনায় বিসিআরএলের কর্মশালা অনুষ্ঠিত




*অনুষ্ঠানে বক্তব্যরত প্রধান অতিথি ড. মোহাম্মদ নজরুল ইসলাম শিকদার অতিরিক্ত পরিচালক, ডিএই*

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খুলনা অঞ্চল আয়োজিত Workshop on the Selection of New Crops for BCRL Project Area, Khulna

*এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩*

## রাঙ্গামাটি অঞ্চলে BCRL প্রকল্পের আওতায় নতুন

শেষ পৃষ্ঠার পর

মো. আবদুস সাত্তার এবং প্রশাসন ও অর্থ উইংয়ের অতিরিক্ত পরিচালক ড. মো. কাজী মজিবুর রহমান। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. মো. লোকমান হোসেন মজুমদার, কম্পোনেন্ট পরিচালক, BCRL প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

কর্মশালায় বিভিন্ন প্রস্তাব, মতামত ও বাস্তবভিত্তিক তথ্য উপস্থাপনের মাধ্যমে রাঙ্গামাটি অঞ্চলের জন্য উপযুক্ত নতুন ফসল চিহ্নিত করার লক্ষ্যে গুরুত্বপূর্ণ আলোচনা হয়। অনুষ্ঠান শেষে অংশগ্রহণকারীদের মধ্য থেকে মতামত গ্রহণ করা হয় এবং ভবিষ্যতে তা নীতিগত সিদ্ধান্ত গ্রহণে সহায়ক হবে বলে আয়োজক কর্তৃপক্ষ আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানে রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান জেলার উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জেলা কর্মকর্তাগণ, উপজেলা কৃষি কর্মকর্তা, স্থানীয় এনজিও প্রতিনিধি ও সাংবাদিকসহ সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন।

***কৃষিবিদ অলি সিংহ রায়, কৃতসা, রাঙ্গামাটি***

# ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় জামালপুরে কৃষি মেলা ২০২৫ অনুষ্ঠিত




অনুষ্ঠানে বক্তব্যরত প্রধান অতিথি কৃষিবিদ ড. সালমা লাইজু, অতিরিক্ত পরিচালক ময়মনসিংহ অঞ্চল

বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় উপজেলা প্রশাসন ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে উপজেলা পরিষদ চত্বর, জামালপুর সদরে ০৩ দিনব্যাপী ২৮ জুলাই ২০২৫ থেকে কৃষি মেলা ২০২৫ অনুষ্ঠিত হয়। উক্ত কৃষি মেলায় সভাপতিত্ব করেন জনাব জিন্নাত শহীদ পিংকি, উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ ড. সালমা লাইজু, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।

প্রধান অতিথি বলেন, এই প্রকল্পের মাধ্যমেই ফসলের নিবিড়তা বাড়ানো সম্ভব। মাটির স্বাস্থ্য ভালো রাখতে হলে জৈবসার ও জৈব তরল কীটনাশকের বিকল্প নাই। তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে আরো বলেন তোমাদের মোবাইল আসক্তি দূর করতে হলে বাড়ির আশেপাশে শাকসবজি ও ফুল, ফলের গাছ লাগাও, নিজেকে মাটির সাথে মিশিয়ে নাও তাহলে দেখবে মাটির নির্যাস তোমাকে দেশের জন্য কাজ করতে সহযোগিতা করবে। এ বছর সারা দেশে প্রায় ২৯ লাখ নিম, জিগা, তালগাছ লাগানো হয়েছে তার মধ্যে ১২ হাজার গাছ ময়মনসিংহ অঞ্চলে লাগানো হয়েছে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাকিয়া সুলতানা, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জামালপুর। উক্ত কৃষি মেলায় বিভিন্ন দপ্তর, অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী, শিক্ষার্থী, অভিভাবকসহ প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

*মোঃ খোরশেদ আলম, কৃতসা, ময়মনসিংহ*

# সিলেটে জেলা পর্যায়ে বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন কৌশল বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত




কর্মশালায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন খান মো. রেজা-উন-নবী, বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব), সিলেট

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা কর্তৃক আয়োজিত সিলেট নগরীর হোটেল ক্রিস্টাল রোজ এর কনফারেন্স রুমে আধুনিক প্রযুক্তির মাধ্যমে সিলেট অঞ্চলের কৃষি উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২৫-২৬ অর্থবছরে জেলাপর্যায়ে বার্ষিক কর্ম পরিকল্পনা বাস্তবায়ন কৌশল বিষয়ক দিনব্যাপী কর্মশালা ২৭ জুলাই ২০২৫ অনুষ্ঠিত হয়। কর্মশালায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেটের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ ড. মো. মোশাররফ হোসেনের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিলেট বিভাগের বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব) খান মো. রেজা-উন-নবী।

কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন সিলেটের কৃষি উন্নয়নে আধুনিক প্রযুক্তির মাধ্যমে এ অঞ্চলের কৃষি অনেক দূর নিয়ে গেছে। অনেক পতিত জমিতে আজ ফসল উৎপাদন হচ্ছে। এ ধারা অব্যাহত রাখতে কৃষি যন্ত্রপাতি সরবরাহ এবং পর্যাপ্ত কৃষক প্রশিক্ষণ বৃদ্ধি করতে হবে। তিনি সিলেট অঞ্চলের কৃষি উন্নয়নকে আরো ত্বরান্বিত করতে সংশ্লিষ্টদের সহযোগিতা প্রত্যাশা করেন।

কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন আধুনিক প্রযুক্তির মাধ্যমে সিলেট অঞ্চলের কৃষি উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক মো. রকিব উদ্দিন।

প্রকল্পের সিনিয়র মনিটরিং অফিসার আব্দুল মান্নানের সঞ্চালনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ রোগবিদ্যা এবং বীজ বিজ্ঞান বিভাগের প্রফেসর আব্দুল মুকিত। সুনামগঞ্জ জেলার কর্মশালার কারিগরি সেশনে চেয়ারপারসন হিসেবে উপস্থিত ছিলেন কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট সিলেটের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) ড. মোছা: কোহিনূর বেগম।

দিনব্যাপী কর্মশালায় কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সিলেট ও সুনামগঞ্জ জেলার ডিএই, এআইএস, ব্রি, এসআরডিআই, বিনা, বিএডিসি ও কৃষি বিপণন অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ ও প্রর্দশণীভুক্ত কৃষকগণ অংশগ্রহণ করেন।

*মো. জুলফিকার আলী, কৃতসা, সিলেট*

## পুষ্টি কর্নার : এম ডি-২ আনারস



'সুপার সুইট' খ্যাত এমডি-২ আনারস বিশ্ব বাজারে অত্যধিক চাহিদা সম্পন্ন অম্ল মধুর মিষ্টতায় (১৪% ব্রিক্স), ফলের শেল্ফ ৩০ দিন, সুস্বাদু, পুষ্টিগুণ ও মনোমুগ্ধকর সুবাস সমৃদ্ধ ফল। আনারস অত্যন্ত সুস্বাদু, পুষ্টিকর ও মজাদার একটি ফল।

এক খণ্ড (১৬৫ গ্রাম) আনারসে আছে খাদ্যশক্তি ৮২.৫ ক্যালরি, ফ্যাট ১.৭ গ্রাম, প্রোটিন ১ গ্রাম, কার্বস ২১.৬ গ্রাম, ফাইবার ২.৩ গ্রাম। এ ছাড়া রিকমেন্ডেড ডায়েটারি ইনটেক অনুযায়ী- ভিটামিন সি ১৩১%, ম্যাঙ্গানিজ ৭৬% ভিটামিন বি৬-৯%, কপার ৯%, থায়ামিন ৯%, ফোলেট ৭%, পটাশিয়াম ৫%, ম্যাগনেসিয়াম ৫%, নিয়াসিন ৪%, প্যানথেনিক এসিড ৪%, রিবোফ্লাভিন ৩%, আয়রন ৩%। *–কৃষি ডাইরি ২০২৫, কৃষি তথ্য সার্ভিস*

কৃষি বিষয়ক আধুনিক ভিডিও চিত্রের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য জেনে নিতে AisTube ভিজিট করুন
http://aistube.com/
AisTube
'এআইএস টিউব'



Bulilding Climate Resilient Livelihoods in Vulnerable Landscapes in Bangldesh (BCRL) প্রকল্পের আওতায় রাজশাহী অঞ্চলের নতুন ফসল নির্বাচন সংক্রান্ত পরামর্শমূলক কর্মশালা রাজশাহী কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালকের সম্মেলন কক্ষে ৬ আগস্ট ২০২৫ অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন রাজশাহী অঞ্চলের কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ ড. মো: আজিজুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ মো: আবুল কালাম আজাদ, রাজশাহী বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ এর সহকারী প্রকৌশলী মো: মনিরুল ইসলাম, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ডিপার্টমেন্ট অব এগ্রোনমি অ্যান্ড এগ্রিকালচারাল এক্সটেনশনের শিক্ষক। উক্ত কর্মশালায় সভাপতিত্ব করেন বিসিআরএল প্রকল্পের প্রকল্প পরিচালক ড. মো: লোকমান হোসাইন মজুমদার। তিনি পাওয়ার পয়েন্টের মাধ্যমে প্রকল্পের কার্যক্রম তুলে ধরেন। স্বাগত বক্তব্য প্রদান করেন রাজশাহী কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ মোছা: উম্মে ছালমা। উল্লেখ্য, ফসলের উৎপাদন বৃদ্ধিই এ কর্মশালার মূল উদ্দেশ্য।

*মো. এমদাদুল হক, কৃতসা, রাজশাহী*




কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে শিবগঞ্জ, মসলা গবেষণা কেন্দ্রের সম্মেলন কক্ষে ০৬ আগস্ট ২০২৫ বগুড়া জেলার কৃষি মন্ত্রণালয়াধীন সকল দপ্তর/সংস্থার কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ জাকির হোসেন, অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয়। প্রধান অতিথির বক্তব্যে বলেন, আমাদের দেশের আবাদি জমিতে অম্লতার পরিমাণ বেড়ে গেছে। এতে বেশি পরিমাণ সারের প্রয়োজন হচ্ছে। মাটিতে অম্লতার পরিমাণ যত বাড়বে, সারের চাহিদাও তত বাড়বে। এজন্য সঠিকভাবে মাটি পরীক্ষার মাধ্যমে সুষম মাত্রায় সার প্রয়োগ করা একান্ত দরকার। তিনি আরো বলেন, গবেষণা প্রতিষ্ঠানকে সুনির্দিষ্ট গবেষণা করে তার ফলাফল জাতীয় পলিসি মেকিংয়ে সহযোগিতা প্রদান ও প্রযুক্তি হস্তান্তরে কৃষি মন্ত্রণালয়াধীন সকল দপ্তরকে পারস্পারিক সহযোগিতা প্রদানের আহবান জানান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষিবিদ মোঃ আব্দুল ওয়াদুদ, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল, বগুড়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মোঃ জুলফিকার হায়দার প্রধান, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মসলা গবেষণা কেন্দ্র, শিবগঞ্জ, বগুড়া; কৃষিবিদ সোহেল মোঃ সামশুদ্দীন ফিরোজ, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া। এ ছাড়াও কৃষি তথ্য সার্ভিসসহ কৃষি মন্ত্রণালয়াধীন বিভিন্ন দপ্তরের কৃষি কর্মকর্তা, কৃষি বিজ্ঞানী, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক, প্রগতিশীল কৃষক-কৃষাণী উপস্থিত ছিলেন।

*বাদল চন্দ্র সরকার, কৃতসা, পাবনা*

## বস্তায় আদা চাষ শুরু চট্টগ্রামের বোয়ালখালীতে

যেসব জায়গাগুলোতে কোন ফসল হয় না, সে জায়গায় এবার কৃষি অফিসের পরামর্শে বস্তায় আদার চাষ করেছেন চট্টগ্রামের বোয়ালখালীর প্রান্তিক পর্যায়ের কৃষক-কৃষাণীরা। উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রণোদনা পেয়ে গতানুগতিক পদ্ধতির বাইরে এই প্রথম বস্তায় মসলাজাতীয় ফসল অনাবাদি পতিত জমি কিংবা বসত বাড়ির আঙ্গিনায় স্বল্প জায়গায় অল্প খরচে বস্তায় আদা চাষ পদ্ধতিতে আগ্রহী হয়েছেন কৃষকরা। উপজেলা কৃষি অফিস সূত্রে জানা গেছে, পারিবারিক পুষ্টি বাগান কর্মসূচির আওতায় বোয়ালখালীতে প্রথমবারের মতো বস্তায় আদা চাষের জন্য ২০টি প্রদর্শনী দেয়া হয়েছে। প্রতিটি প্রদর্শনীতে ৩০টি বস্তায় ২ কেজি ৫০০ গ্রাম দেশীয় উন্নত জাতের আদার বীজ, ৫ কেজি মিশ্রসার, ২ কেজি বালাইনাশক সার ও জৈবসার দেওয়া হয়েছে। এ ছাড়া বস্তাপ্রতি খরচ পড়েছে প্রায় ৬৫-৭০ টাকা। প্রদর্শনী চাড়াকধুরখীল, শ্রীপুর-খরণদ্বীপ করলডেঙ্গা



এলাকায় কৃষকেরা স্বউদ্যোগে অনেকেই বাণিজ্যিকভাবে বস্তায় আদা চাষ করছেন। উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মো. আতিক উল্লাহ বলেন, বস্তায় আদা চাষ একটি সহজ ও সাশ্রয়ী প্রযুক্তি। পুকুরপাড়, ছাদ কিংবা বাড়ির যে কোনো ফাঁকা জায়গায় সহজেই এটি করা যায়।

পরিচর্যার ঝামেলা কম এবং আগাছাও হয় না। আমরা কৃষকদের আদা চাষে উদ্বুদ্ধ করছি। বস্তায় আদা চাষ লাভজনক হওয়ায় কৃষকরা এই পদ্ধতিতে পতিত জমিতে আদা চাষে আগ্রহী হচ্ছে। বস্তা পদ্ধতি হওয়াতে বর্ষার অতিরিক্ত আদা গাছের তেমন কোন ক্ষতি হয়নি। দুই-এক মাস পরেই আদাগুলো বস্তা থেকে উঠাতে শুরু করবে। বস্তাপ্রতি ১-২ কেজি আদার ফলন হবে বলে আশা করছেন তারা। আগামীতে আরো বেশি আদার চাষ করবেন বলেও জানান তারা।

*অপর্ণা বড়ুয়া, কৃতসা, চট্টগ্রাম*

# জুলাই গণ-অভ্যুত্থান দিবস ২০২৫ উদযাপন

*জুলাই গণ-অভ্যুত্থান দিবস ২০২৫ উপলক্ষ্যে জুলাই গণ-অভ্যুত্থানে নিহত শহীদদের স্মরণে দেশব্যাপী কৃষি মন্ত্রণালয়ের দপ্তর সংস্থা বিভিন্ন অনুষ্ঠান আয়োজন করা হয়*

## নাটোর




নাটোরে জুলাই গণ-অভ্যুত্থান দিবস ২০২৫ উদযাপন উপলক্ষ্যে জেলা প্রশাসন, নাটোর কর্তৃক নানাবিধ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এ দিবস উপলক্ষ্যে আলোচনা সভা এবং জুলাই শহীদ পরিবার ও জুলাই যোদ্ধাদের সম্মেলন জেলা পরিষদ অডিটোরিয়ামে ৫ আগস্ট, ২০২৫ আয়োজন করা হয়। নাটোর জেলা প্রশাসক আসমা শাহীনের সভাপতিত্বে সম্মেলন সভায় বক্তব্য দেন পুলিশ সুপার মোহাম্মদ আমজাদ হোসাইন, সিভিল সার্জন ডা: মোক্তাদির আরেফীন, নাটোর জেলা বিএনপির সদস্যসচিব আসাদুজ্জামান, নাটোর জেলা জামায়াতের আমির ড. মীর নুরুল ইসলাম, শহীদ আকিবের পিতা অধ্যক্ষ দেলোয়ার হোসেন খানসহ শহীদ পরিবারের সদস্য ও জুলাই যোদ্ধাগণ।

আলোচনায় উঠে আসে, জুলাই গণ-অভ্যুত্থানে জীবন উৎসর্গকারী শহীদদের শ্রদ্ধা ও কৃতজ্ঞতায় স্মরণ করে জাতি। তাদের ঋণ কখনো শোধ হওয়ার নয়। সততা আর দায়িত্বশীল ভূমিকা পালনের মধ্য দিয়ে আমরা আমাদের দেশকে এগিয়ে নিয়ে যেতে চাই। বৈষম্যহীন দুর্নীতিমুক্ত মেধাবী জাতি গঠনই আমাদের লক্ষ্য। জুলাই আন্দোলনের শহীদদের আত্মত্যাগ ইতিহাসের এক গৌরবময় অধ্যায়। আমরা তাদের গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করি।

জেলা প্রশাসন কর্তৃক শহীদ পরিবারকে সম্মাননা স্মারক প্রদান এবং শহীদ পরিবার ও আহত জুলাই যোদ্ধা/পরিবারের মাঝে জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন হতে প্রাপ্ত উপহার সামগ্রী বিতরণ করা হয়।

*মোছাঃ সুমনা আক্তারী, কৃতসা, রাজশাহী*

## পাবনা



কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পাবনায় জুলাই গণ-অভ্যুত্থানে শহীদ মোঃ আব্দুল হান্নান খান স্মরণে খামারবাড়ি, পাবনা চত্বরে ১৯ জুলাই ২০২৫ বৃক্ষরোপণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ সময় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পাবনার জেলা প্রশিক্ষণ অফিসার, কৃষিবিদ মোঃ সাইফুল ইসলাম; অতিরিক্ত উপপরিচালক (উদ্যান), কৃষিবিদ মোঃ নুরে আলম; কৃষিবিদ মোঃ রাফিউল ইসলাম, পাবনা সদর উপজেলার উপজেলা কৃষি অফিসার, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীসহ জেলা প্রশাসকের প্রতিনিধি উপস্থিত ছিলেন।

এই কর্মসূচিতে স্মরণ করা হয় জুলাই আন্দোলনে পাবনার শহীদ জাহিদুল ইসলাম জাহিদ, মাহাবুব হাসান নিলয়, মোঃ আব্দুল হান্নান খানসহ সারা দেশের সকল শহীদকে। এক শহীদ, এক বৃক্ষ এই প্রতীকী কর্মসূচির মধ্য দিয়ে যেমন শহীদ মোঃ আব্দুল হান্নান খানের আত্মত্যাগকে সম্মান জানানো হয়েছে, তেমনি ভবিষ্যৎ প্রজন্মের জন্য পরিবেশ ও স্বাধীনতার চেতনাকে বয়ে নিয়ে যাওয়ার এক শক্তিশালী বার্তা প্রদান করা হয়েছে। শহীদের রক্ত বৃথা যায় না এই বৃক্ষের মতোই তাদের আত্মত্যাগ ও বিজয়ের ইতিহাস বেঁচে থাকবে নতুন প্রজন্মের হৃদয়ে। তাঁদের স্মৃতিকে জীবন্ত রাখতেই এই ব্যতিক্রমী উদ্যোগ নেয়া হয়েছে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা। বৃক্ষরোপণ কালে গাছের পাশে শহীদের নামে একটি স্মৃতিফলক স্থাপন করা হয়।

*মোঃ গোলাম আরিফ, কৃতসা, পাবনা*

# রাজশাহীতে বিভাগীয় বৃক্ষমেলা-২০২৫ এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত



উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি মোহাম্মদ আবু সুফিয়ান, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ কমিশনার চারা বিতরণ করেন

সবুজ বাংলাদেশ গড়ার প্রত্যয়ে পরিবেশ সুরক্ষা ও জীববৈচিত্র্য রক্ষায় রাজশাহীতে শুরু হয়েছে "বিভাগীয় বৃক্ষ মেলা-২০২৫"। ২৪ জুলাই ২০২৫, বৃহস্পতিবার জেলা প্রশাসন ও সামাজিক বন বিভাগ, রাজশাহীর যৌথ উদ্যোগে রাজশাহী সিটি কর্পোরেশন ভবনের প্রাঙ্গণে ফিতা কেটে ও বেলুন উড়িয়ে বিভাগীয় বৃক্ষমেলা এর উদ্বোধনী অনুষ্ঠান আয়োজিত হয়। অনুষ্ঠানে রাজশাহী জেলা প্রশাসক আফিয়া আখতার এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী মেট্রোপলিটন পুলিশ কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সামাজিক বন বিভাগের রাজশাহী অঞ্চলের বিভাগীয় বন কর্মকর্তা মো: রফিকুজ্জামান শাহ।

বক্তারা অভিমত ব্যক্ত করেন, পরিবেশ রক্ষা এবং জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় বৃক্ষরোপণের বিকল্প নেই। তারা গাছের পরিবেশগত, অর্থনৈতিক ও সামাজিক গুরুত্ব তুলে ধরেন এবং সবাইকে নিজ নিজ জায়গা থেকে গাছ লাগানোর আহ্বান জানান। উদ্বোধনী অনুষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে ফলজ, বনজ এবং ঔষধি গাছের চারা বিতরণ করা হয়। পাশাপাশি বৃক্ষের চারা উৎপাদনকারী নার্সারির মালিকদের মাঝে ব্যাংক চেক হস্তান্তর করা হয়।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী প্রকৌশলী মো: মোস্তাফিজুর রহমান, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের রাজশাহীর উপ-বিভাগীয় প্রকৌশলী মো: রাশেদুল ইসলাম, সরকারি বেসরকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি, কৃষি তথ্য সার্ভিসসহ প্রেস ও ইলেকট্রনিক মিডিয়ার কর্মীবৃন্দ ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীবৃন্দ।

*মো: আমিনুল ইসলাম, কৃতসা, রাজশাহী*

# তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন

*তারণ্যের উৎসব ২০২৫ উপলক্ষ্যে বাংলাদেশের সমাজকে একত্র করে তাদের সৃজনশীলতা, উদ্ভাবনী ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দেশব্যাপী কৃষি মন্ত্রণালয়ের দপ্তর সংস্থা বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে*

## টাঙ্গাইল




টাঙ্গাইল সদরে "তারুণ্য ও প্রযুক্তি : কৃষির অগ্রগতি" শীর্ষক দিনব্যাপী প্রশিক্ষণ ১০ আগস্ট ২০২৫ অনুষ্ঠিত হয়েছে। কৃষি তথ্য সার্ভিসের প্রধান তথ্য অফিসার জনাব বি এম রাশেদুল আলম প্রধান অতিথি হিসেবে প্রশিক্ষণের উদ্বোধন করেন। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন কৃষির ভবিষ্যৎ নির্ভর করছে আজকে তরুণদের হাতে। তরুণদের উদ্ভাবনী মনোভাব, নতুন প্রযুক্তি গ্রহণের আগ্রহ তাদের মূল চালিকা শক্তি। তরুণ কৃষি উদ্যোক্তারা এগিয়ে আসলে কৃষির উন্নয়ন ত্বরান্বিত হবে। আমরা যদি সবাই মিলে আধুনিক প্রযুক্তি নিয়ে কাজ করি তবে বাংলাদেশ শুধু খাদ্যে সম্পূর্ণ হবে তাই না বরং কৃষি পণ্যে বিশ্বকে তাক লাগিয়ে দেবে। শাকসবজির রোগ ও পোকা ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ড. সৈয়দ মোহাম্মদ মহসীন। এ ছাড়া ড. আশেক পারভেজ, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, টাঙ্গাইল GAP-এর মৌলিক ধারণা ও ভূমি প্রস্তুতি বিষয়ে আলোচনা করেন। পুষ্টির মৌলিক ধারণা ও কৃষকের ভূমিকা বিষয়ে বক্তব্য রাখেন অতিরিক্ত কৃষি অফিসার, টাঙ্গাইল সদর ইসমত আরা।

কোর্স কো-অর্ডিনেটরের দায়িত্ব পালন করেন কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়, ঢাকার আঞ্চলিক কৃষি তথ্য অফিসার সাবরিনা আফরোজ। আয়োজকরা জানান, এই প্রশিক্ষণ কৃষকদের প্রযুক্তিনির্ভর চাষাবাদে উৎসাহিত করবে এবং কৃষি উৎপাদনে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করবে। কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়, ঢাকা আয়োজিত এই কর্মশালায় জেলার বিভিন্ন উপজেলার কৃষক অংশগ্রহণ করেন। *আশিষ তরফদার, কৃতসা, ঢাকা*

## পাবনা



তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে ঈশ্বরদী সরকারি কলেজ, ঈশ্বরদী, পাবনায় বিনার গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় অনুষ্ঠানে ১০০ জন ছাত্রছাত্রীর মাঝে বিনালেবু-১ এর চারা বিতরণ করা হয়। ২৯ জুলাই ২০২৫ বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) উপকেন্দ্র, ঈশ্বরদী কলেজ মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করেন। এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর মোঃ আমজাদ হোসেন, অধ্যক্ষ, ঈশ্বরদী সরকারি কলেজ

এ সময় আলোচনায় লিপিবদ্ধ হয়, তরুণরা এ দেশের ভবিষ্যৎ কারিগর। তরুণদের নিয়ে বৃক্ষরোপণ কর্মসূচির মূল লক্ষ্য হলো তাদের মধ্যে পরিবেশ সচেতনতা বৃদ্ধি করা এবং সবুজায়নকে উৎসাহিত করা। এই উদ্যোগ কেবল এক একটি বৃক্ষ রোপণের কাজ নয় বরং এটি একটি বৃহত্তর আন্দোলনের অংশ, যা আমাদের প্রাকৃতিক পরিবেশের প্রতি দায়বদ্ধতা এবং যত্নশীলতার অনুভূতি তৈরি করবে। বিশেষত যেসব তরুণ পরিবেশের প্রতি আরো দায়িত্বশীল হতে চান, তাদের জন্য এটি একটি আদর্শ ক্ষেত্র হয়ে উঠতে পারে। বিনালেবু-১ একটি উচ্চফলনশীল জাত। বিশেষ করে ভাইরাস প্রতিরোধে ভিটামিন সি সমৃদ্ধ হওয়ায় এর গুরুত্ব অনেক বেশি।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মুহাম্মদ ফেরদৌস ইকবাল, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বিনা উপকেন্দ্র, ঈশ্বরদী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আব্দুল আওয়াল, সহযোগী অধ্যাপক, ইতিহাস বিভাগ ও মোঃ মাহবুবুল আলম, বৈজ্ঞানিক কর্মকর্তা, বিনা উপকেন্দ্র, ঈশ্বরদী। এ ছাড়াও অনুষ্ঠানে বিনা ও কলেজের অন্যান্য কর্মকর্তা, শিক্ষক, কর্মচারী ও ছাত্রছাত্রীবৃন্দ উপস্থিত ছিলেন।

*মোঃ গোলাম আরিফ, কৃতসা, পাবনা*

## বরিশাল

'সবুজে থাকি সবুজে বাঁচি, তারুণ্যের স্বপ্ন বুনি' এই স্লোগানের মধ্য দিয়ে বরিশালে উদযাপন হলো তারুণ্যের উৎসব ২০২৫। এ উপলক্ষে ৪ আগস্ট ২০২৫ নগরীর ব্রির নিজস্ব ক্যাম্পাসে শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে নারিকেলের চারা বিতরণ করা হয়। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই) অতিরিক্ত পরিচালক ড. মোহাম্মদ নজরুল ইসলাম শিকদার। ব্রির প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মুহম্মাদ আশিক ইকবাল খানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ডিএই বরিশালের উপপরিচালক মোসাম্মৎ মরিয়ম। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ব্রির উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. হাছিনা খাতুন; আঞ্চলিক কৃষি তথ্য অফিসার শেখ হাবিবুর রহমান; ব্রির বৈজ্ঞানিক কর্মকর্তা রোজোয়ান বিন হাফিজ প্রান্ত; কৃষি তথ্য সার্ভিসের কর্মকর্তা নাহিদ বিন রফিক প্রমুখ। অনুষ্ঠান শেষে ৩০ জন শিক্ষার্থীর মাঝে বারি নারিকেল-২ এর চারা বিতরণ করা হয়। পরে ব্রির ক্যাম্পাসে ৩টি গাছের চারা রোপণ করা হয়। *নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল*




তারুণ্যের উৎসব উপলক্ষ্যে শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে নারিকেলের চারা বিতরণ করা হয়।

# দিনাজপুরে পাটের উন্নত জাত বিষয়ে কৃষকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত




অনুষ্ঠানে বক্তব্য রাখছেন প্রধান অতিথি জনাব মো: জাকির হোসেন
অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয়

পাট ও পাটজাতীয় আঁশ ফসলের উন্নত জাত ও উৎপাদন প্রযুক্তি বিষয়ক কৃষকদের সাথে মতবিনিময় সভা এবং কৃষকদের মাঝে বিনামূল্যে পাট ও কেনাফের বীজ বিতরণ অনুষ্ঠান পাটবীজ উৎপাদন ও গবেষণা কেন্দ্র, নশিপুর, দিনাজপুরে ১৮ জুলাই ২০২৫ আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মো: জাকির হোসেন। বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) এর সম্মানিত মহাপরিচালক ড. নার্গীস আক্তারের সভাপতিত্বে মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের উপসচিব জনাব মো: হারুনর রশিদ। এ সময় আরোও উপস্থিত ছিলেন বিজেআরআইয়ের পরিচালক (প্রশাসন ও অর্থ) ড. মোঃ ইয়ারউদ্দিন সরকার; মোঃ রিয়াজ উদ্দিন, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর অঞ্চল, দিনাজপুর; মোঃ আফজাল হোসেন, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর; পাট বীজ উৎপাদন ও গবেষণা কেন্দ্র, নশিপুর, দিনাজপুর এর ইনচার্জ ড. মোঃ রিশাদ আব্দুল্লাহসহ কৃষি মন্ত্রণালয় অধীনস্থ বিভিন্ন দপ্তরে কর্মরত কর্মকর্তা-কর্মচারী এবং কৃষকবৃন্দ। এ সময় কৃষকদের প্লটে বিজেআরআই তোষা পাট-৯ (সবুজ সোনা) প্রদর্শনী প্লট পরিদর্শন করেন এবং খামার পরিদর্শন করেন ও বৃক্ষরোপণ করেন।

***কৃষিবিদ মোঃ শাহাদৎ হোসেন, কৃতসা, রংপুর***

# মাটির অম্লতা কমাতে ডলোচুনের ব্যবহার

শেষ পৃষ্ঠার পর

একটি করে পুষ্টিবাগান তৈরির জন্য গুরুত্বারোপ করেন। প্রয়োজনে এ জাতীয় কার্যক্রমগুলোকে নিয়ে বেশি বেশি করে প্রদর্শনীর ব্যবস্থা করতে হবে। নন্দীগ্রাম পৌরসভা ব্লকে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে বিসিআইসি ও বিএডিসি সার ডিলারদের সাথে মতবিনিময় সভায় যোগ দেন। সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, কৃষি জমিতে অপরিকল্পিতভাবে রাসায়নিক সারের ব্যবহারের ফলে জমির অম্লত্ব বৃদ্ধি পাচ্ছে। এতে করে পরবর্তীতে অনেক বেশি সার প্রয়োগের প্রয়োজন পড়ছে। এজন্য মাটির গুণগতমান পরীক্ষা করে জমির অম্লতা অনুযায়ী তিন বছরে একবার শতাংশ প্রতি ৩-৪ কেজি হারে ডলোচুন ব্যবহারের প্রতি গুরুত্ব দেন। ডিলারদের উদ্দেশ্যে প্রধান অতিথি বলেন, কোনোভাবে সারের কৃত্রিম সংকট তৈরি করে বেশি দামে সার বিক্রি করা যাবে না। মাটির স্বাস্থ্য সুরক্ষায় পরিমাণমতো রাসায়নিক, জৈব ও জীবাণু সার ব্যবহারে কৃষকদের পরার্মশ প্রদানের প্রতি আহ্বান জানান। সভায় সভাপতিত্ব করেন কৃষিবিদ সোহেল মো. শামসুদ্দীন ফিরোজ, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া। সভায় কৃষি তথ্য সার্ভিসসহ মন্ত্রণালয়াধীন বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা, নন্দীগ্রাম উপজেলার সকল বিসিআইসি ও বিএডিসি সার ডিলার, খুচরা সার বিক্রেতা, সাংবাদিক এবং প্রগতিশীল কৃষক-কৃষাণীরা উপস্থিত ছিলেন।

***বাদল চন্দ্র সরকার, কৃতসা, পাবনা***

# খুলনায় বিসিআরলের কর্মশালা অনুষ্ঠিত

দ্বিতীয় পৃষ্ঠার পর

শীর্ষক কর্মশালা খুলনার দৌলতপুরস্থ অতিরিক্ত পরিচালকের কার্যালয় কনফারেন্স রুমে ২৩ জুলাই ২০২৫ অনুষ্ঠিত হয়। এ কর্মশালায় সভাপতিত্ব করেন খুলনার উপপরিচালক কৃষিবিদ মো. নজরুল ইসলাম। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিএই খুলনা অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মোঃ রফিকুল ইসলাম।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, এ অঞ্চলের কৃষিকে আরো আধুনিক ও উৎপাদনমুখী করার সুযোগ রয়েছে। এখনও অনেক জমিতে বছরে একটি ফসল হয়, যা পরিকল্পিত চাষাবাদের মাধ্যমে দুই ফসলে রুপান্তর করা সম্ভব। এ ছাড়াও লবণাক্ততাকে বিবেচনায় রেখে নতুন প্রযুক্তি গ্রহণ করতে হবে। তবে এ অঞ্চলের কৃষকেরা যেন কোনোভাবেই অর্থনৈতিক ক্ষতির মুখে না পড়েন সেজন্য সর্বোচ্চ খেয়াল রাখতে উপস্থিত বিজ্ঞানী ও বিশেষজ্ঞগণের প্রতি তিনি আহবান জানান।

কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রকল্প পরিচালক ড. মো. লোকমান হোসেন মজুমদার। অনুষ্ঠানে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ, গবেষণা প্রতিষ্ঠানগুলো বিজ্ঞানীবৃন্দ, বিএডিসি, এফএও, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, এনজিও ও এআইএস প্রতিনিধি উপস্থিত ছিলেন।

***কৃষিবিদ শারমিনা শামিম, কৃতসা, খুলনা***

# মানিকগঞ্জে সাত দিনব্যাপী বৃক্ষ ও ফলজ

শেষ পৃষ্ঠার পর

গুরুত্ব তুলে ধরে বলেন, পরিকল্পিত বৃক্ষ রোপণের মাধ্যমে দেশ বসবাস উপযোগী করে গড়ে তোলা সম্ভব। এটি কেবল পরিবেশ সুরক্ষাই করবে না, দেশের আর্থসামাজিক উন্নয়নেও ইতিবাচক ভূমিকা রাখবে। তিনি আরও বলেন, একজন মানুষের প্রতিদিন প্রায় ৫৫০ লিটার অক্সিজেন প্রয়োজন হয়, যা আমরা গাছ থেকেই পেয়ে থাকি। তাই সবাইকে বেশি বেশি গাছ লাগানোর আহ্বান জানান তিনি।

ঢাকা বিভাগীয় বন কর্মকর্তা মাহমুদা রোকসানা সুলতানার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থতি ছিলেন মোছা. ইয়াছমিন খাতুন, পুলিশ সুপার মানিকগঞ্জ; ড. রবীআহ নুর আহমেদ, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মানিকগঞ্জ; মোঃ আব্দুল্লাহ আল মামুন, উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, মানিকগঞ্জ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মাহমুদা রোকসানা সুলতানা, বিভাগীয় বনকর্মকর্তা, ঢাকা।

উদ্বোধনের পর প্রধান অতিথি ও অন্যান্য অতিথিবৃন্দ মেলার বিভিন্ন ফল ও বনজ গাছের স্টল ঘুরে দেখেন। এসময় কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়, ঢাকা কর্তৃক শিক্ষার্থীদের গাছ লাগানোর গুরুত্ব সম্পর্কিত ডকুড্রামা প্রদর্শন করা হয়। পরে শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে গাছের চারা বিতরণ করা হয়, যা নতুন প্রজন্মের মধ্যে বৃক্ষরোপণের আগ্রহ সৃষ্টিতে সহায়ক হবে।

***কৃষিবিদ সাবরিনা আফরোজ, কৃতসা, ঢাকা***

# স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস

প্রথম পৃষ্ঠার পর

উপজেলার ৭৫০টি ইউনিয়ন কার্যক্রম বাস্তবায়ন করছে। দক্ষিনাঞ্চালের সমুদ্রতীরবর্তী এলাকার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের জীবনযাত্রার মান উন্নয়ন কাজ করছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষি সম্প্রসারণে অধিদপ্তরের মহাপরিচালক মো: ছাইফুল আলম। এ ছাড়া আরো উপস্থিত ছিলেন বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কৃষক প্রতিনিধি।

***কৃষিবিদ ইসমাত জাহান এমি, কৃতসা, ঢাকা***




'খামারি' মোবাইল অ্যাপ

## মানিকগঞ্জে সাত দিনব্যাপী বৃক্ষ ও ফলজ মেলা আয়োজিত




*বৃক্ষ ও ফলজ মেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মনোয়ার হোসনে মোল্লা (যুগ্ম সচিব) জেলা প্রশাসক, মানিকগঞ্জ*

"পরিকল্পিত বনায়ন করি, সবুজ বাংলাদেশ গড়ি, দেশি ফল বেশি খাই, আসুন ফলের গাছ লাগাই" এই প্রতিপাদ্যকে সামনে রেখে মানিকগঞ্জে অনুষ্ঠিত হয়েছে সাত দিনব্যাপী বৃক্ষ ও ফলজ মেলা। সবুজে সাজানো এক নতুন বাংলাদেশের অঙ্গীকার নিয়ে মঙ্গলবার ২৯ জুলাই ২০২৫ মানিকগঞ্জ সরকারি উচ্চবিদ্যালয় মাঠ প্রাঙ্গণে এই মেলার উদ্বোধন করেন প্রধান অতিথি ড. মনোয়ার হোসেন মোল্লা (যুগ্ম সচিব) জেলা প্রশাসক, মানিকগঞ্জ।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক ড. মনোয়ার হোসেন মোল্লা বনায়নের

এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩




গাজীপুর জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) নার্সভুক্ত কৃষি বিজ্ঞানীদের এন-৩১তম বুনিয়াদি প্রশিক্ষণে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের মাননীয় সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএআরসি, নির্বাহী চেয়ারম্যান, ড. নাজমুন নাহার করিম ও বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো. আব্দুল্লাহ ইউসুফ আখন এবং বাংলাদেশ মৃত্তিকা গবেষণা ইনস্টিটিউট, মহাপরিচালক, ড. বেগম সামিয়া সুলতানা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির মহাপরিচালক মো.সাইফুল আজম খান। কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানে ১২০ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। এ ছাড়া বিভিন্ন দপ্তর প্রধান ও উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

*কৃষিবিদ ইসমাত জাহান এমি, কৃতসা, ঢাকা*

## মাটির অম্লতা কমাতে ডলোচুনের ব্যবহার বাড়ানো প্রয়োজন



*কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. জাকির হোসেন বগুড়া জেলার সমসাময়িক কৃষি কার্যক্রম পরিদর্শন করেন*

কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. জাকির হোসেন শনিবার ৯ আগস্ট ২০২৫ বগুড়া জেলার নন্দীগ্রাম উপজেলার রনবাঘা ব্লকে সমসাময়িক কৃষি কার্যক্রমে আউশ ধানের মাঠ ঘুরে দেখেন এবং স্থানীয় কৃষক-কৃষাণীদের নিয়ে মতবিনিময় করেন।

মতবিনিময়কালে প্রধান অতিথি বলেন, ফসল উৎপাদনে ভালো বীজ ব্যবহারের ফলে উৎপাদন খরচ কমে এবং লাভ বাড়ে। ভালো বীজ উৎপাদন করে সঠিক নিয়মে সংরক্ষণ করে নিজেরা ব্যবহারের পাশাপাশি অন্য চাষিদের নিকট সরবরাহ করতে হবে। যাতে দেশের সামগ্রিক উৎপাদন বৃদ্ধি হয়। পরবর্তীতে তিনি একটি আইডিয়াল পুষ্টিবাগান পরিদর্শন করেন এবং প্রতিটি কৃষক পরিবারে

এরপর পৃষ্ঠা ৭ কলাম ১

## রাঙ্গামাটি অঞ্চলে BCRL প্রকল্পের আওতায় নতুন ফসল নির্বাচনের লক্ষ্যে কর্মশালা অনুষ্ঠিত




*কর্মশালায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন কৃষিবিদ মো: ছাইফুল আলম মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর*

রাঙ্গামাটি অঞ্চলে BCRL (Building Climate Resilient Livelihood in Vulnerable Landscape in Bangladesh), প্রকল্পের আওতায় নতুন ফসল নির্বাচনের লক্ষ্যে ০২ আগস্ট ২০২৫ শনিবার কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালাটি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। কর্মশালার আয়োজন করে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের BCRL প্রকল্প। রাঙ্গামাটি অঞ্চলের অতিরিক্ত পরিচালক জনাব মো. নাসিম হায়দারে সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক কৃষিবিদ মো: ছাইফুল আলম।

কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রশাসন ও অর্থ উইংয়ের পরিচালক মো. হাবিবুল্লাহ, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইংয়ের পরিচালক

এরপর পৃষ্ঠা ২ কলাম ৩

সম্পাদক : কৃষিবিদ ফেরদৌসী বেগম
গ্রাফিক্স ডিজাইন : মনোয়ারা খাতুন। মুদ্রণে: কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
ফোন : ০২৫৫০২৮২৬০ ইমেইল : dirais@ais.gov.bd, editor@ais.gov.bd ওয়েবসাইট : www.ais.gov.bd